বিভিন্ন সূত্রের খবর, আসিম মুনিরের নেতৃত্বে পাকিস্তানের সামরিক বাহিনী দেশটির বর্তমান চারটি বড় প্রদেশ পাঞ্জাব, সিন্ধু, খাইবার পাখতুনখোয়া এবং বালোচিস্তান ভেঙে ১২ থেকে ১৫টি বা তারও বেশি ছোট প্রদেশে বিভক্ত করার পরিকল্পনা করছে। প্রতিরক্ষা বিশ্লেষকদের মতে, এই পদক্ষেপের মূল লক্ষ্য বড় প্রদেশগুলোর আঞ্চলিক রাজনৈতিক দল ও ক্ষমতার বিকল্প কেন্দ্রগুলোকে দুর্বল করে দেওয়া, যাতে কোনও রাজনৈতিক শক্তি সেনাবাহিনীর একচ্ছত্র আধিপত্যকে চ্যালেঞ্জ করতে না পারে। পাশাপাশি, প্রদেশগুলো ছোট হলে বালোচিস্তান ও খাইবার পাখতুনখোয়ার বিপুল খনিজ সম্পদ এবং জাতীয় রাজস্বের ওপর কেন্দ্রীয় সরকার ও সামরিক বাহিনীর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা সহজ হবে। কিন্তু এর ফলে বিপর্যয়ের আশঙ্কা উড়িয়ে দিচ্ছে না বিশেষজ্ঞ মহল। অনেকের মত, প্রশাসনিক সংস্কার বা ক্ষমতা ধরে রাখার নামে মুনির যেভাবে পাকিস্তানের মানচিত্র বদলানোর চেষ্টা করছেন, তা হিতে বিপরীত হতে পারে। সিন্ধু থেকে করাচিকে আলাদা করা বা প্রদেশ ভাঙার এই উদ্যোগ দেশে তীব্র রাজনৈতিক ও জাতিগত অসন্তোষ তৈরি করতে পারে। গর্বাচেভ যেমন সংস্কার করতে গিয়ে নিজের দেশকেই টিকিয়ে রাখতে পারেননি, মুনিরের এই পরিকল্পনাও পাকিস্তানকে একটি স্থায়ী সংকট ও ভাঙনের দিকে ঠেলে দিতে পারে। ইতিমধ্যেই যার প্রমাণ মিলেছে। বৃহস্পতিবার পিপিপি চেয়ারম্যান দাবি করেন, পাক সেনাপ্রধান আসিম মুনিরের ঘনিষ্ঠ সে দেশের গৃহমন্ত্রী মহসিন নাকভি প্রস্তাব করেছেন, সিন্ধু প্রদেশকে ভেঙে নতুন প্রদেশ গঠনের। জোর করে এমন করতে গেলে বিরাট বিপদ হবে বলে হুঁশিয়ারি বিলাওয়ালের। তিনি বলেন, "যদি সিন্ধ প্রদেশকে জোর করে আলাদা করে দেওয়া হয়, তাহলে করাচিতে রক্তের বন্যা বইবে। কেননা এর ফলে সমাজে বিভাজন সৃষ্টি হবে এবং বিপজ্জনক পরিস্থিতি তৈরি হবে। আমি রক্তের বন্যা দেখতে চাই না।" তাঁর মন্তব্যকে তাৎপর্যপূর্ণ বলেই মনে করছে ওয়াকিবহাল মহল।

চার বছর পর বিয়ে করতে পারবেন 'অগ্নিবীর'

নয়াদিল্লি : 'অগ্নিবীর'দের নিয়ে বড় সিদ্ধান্ত!

চার বছরের নির্ধারিত কর্মমেয়াদ শেষ হওয়ার পর বিয়ে করতে পারবেন 'অগ্নিবীর'রা। তাঁদের বিয়ের অনুমতি দেওয়ার সিদ্ধান্ত নিতে চলেছে দেশের তিন সেনাবাহিনী। আগের নিয়মে স্থলসেনা, নৌসেনা এবং বায়ুসেনায় 'অগ্নিবীর' হিসাবে কর্মরত অবস্থায় প্রথম চার বছর বিয়ে করা যেত না। কিন্তু নতুন বিধিতে চার বছরের মেয়াদ শেষ হওয়ার পর আর বিয়ের ক্ষেত্রে কোনও বাধা থাকবে না বলে প্রতিরক্ষা মন্ত্রকসূত্রে জানা গিয়েছে। প্রসঙ্গত, সম্প্রতি 'অগ্নিবীর'দের চাকরির মেয়াদ চার বছর থেকে বাড়িয়ে অতিরিক্ত আরও দুই বছর (মোট ছয় বছর) করা হয়েছে। সেই নিরিখেই প্রথম চার বছরের মেয়াদ বা 'বিয়েতে নিষেধাজ্ঞা' শেষ হওয়ার পর এবং অতিরিক্ত দুই বছরের বর্ধিত কাজের মেয়াদ চলাকালীন 'অগ্নিবীর'রা বিয়ে করতে পারবেন। তাঁদের বিয়ের উপর থেকে পূর্ববর্তী 'নিষেধাজ্ঞা' তুলে নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সংশোধিত 'অগ্নিপথ' কর্মসূচি অনুযায়ী, চার বছরের কর্মমেয়াদ শেষ হওয়ার পর স্থায়ী সেনাকর্মী হিসেবে নির্বাচিত ২৫ শতাংশ 'অগ্নিবীর' এবং অতিরিক্ত দু'বছরের কর্মমেয়াদ পাওয়া বাকি ৭৫ শতাংশ 'অগ্নিবীর'— উভয় ক্ষেত্রেই বিয়ের অনুমতি দেওয়ার পরিকল্পনা রয়েছে। অর্থাৎ, প্রথম চার বছরের নিষেধাজ্ঞা শেষ হলেই বিয়ে করতে পারবেন 'অগ্নিবীর'রা। প্রসঙ্গত, আসলে 'অগ্নিপথ' প্রকল্পে সাধারণত সাড়ে ১৭ থেকে ২১ বছর বয়সি তরুণ-তরুণীরা সেনাবাহিনীতে যোগ দেন। প্রথম চার বছর তাঁদের কঠোর সামরিক প্রশিক্ষণ এবং দায়িত্ব পালন করতে হয়। এই সময়ে বিয়ের অনুমতি না থাকায় অনেকের ব্যক্তিগত ও পারিবারিক পরিকল্পনা আটকে যাচ্ছিল। এই নিয়ে জটিলতা বাড়ছিল। সাম্প্রতিক উদ্যোগে তার নিরসন হবে বলেই মনে করা হচ্ছে।

উল্লেখ্য, গত ৪ নভেম্বর 'অগ্নিপথ' প্রকল্পে তাৎপর্যপূর্ণ পরিবর্তনের কথা ঘোষণা করে কেন্দ্রীয় সরকার। সেই ঘোষণা অনুযায়ী, চার বছরের কর্মমেয়াদ শেষে মেধা ও যোগ্যতার ভিত্তিতে ২৫ শতাংশ 'অগ্নিবীর' সরাসরি স্থায়ী সেনাকর্মী হিসেবে কাজের সুযোগ পাবেন। অন্যদিকে, বাকি ৭৫ শতাংশ 'অগ্নিবীর'কে আরও দু'বছরের জন্য কাজের সুযোগ দেওয়া হবে। এই অতিরিক্ত কর্মমেয়াদ শেষ হলে তাঁদেরও স্থায়ী সেনাকর্মী হওয়ার সুযোগ থাকবে।

GOVERNMENT OF WEST BENGAL
KMDA
Corrigendum-01 of
e-NIT No. 04/SE/C-V/R B/KMDA/T-1 of 2026-2027
Tender ID: 2026_KMDA_1046651_1. With reference to above NIT the following changes have been made. Please read last date & time for online Tender Submission is 20.11.2026, up to 14:00 hrs. in place of 13.11.2026, up to 14:00 hrs., for all other changes regarding this e-NIT please visit both websites.
www.kmda.wb.gov.in (KMDA-759)
www.wbtenders.gov.in
ICA-T20034(1)/2026

GOVERNMENT OF WEST BENGAL
NOTICE INVITING e-TENDER
Name of the work:- Electrical Estimate For Extension of Administrative Building for Rest Room at First Floor with Open Ground Floor for the Employees in connection with mobile checking at Krishnanagar-I Block Krishak Bazar under Nadia Zilla Regulated Market Committee. Tender ID:- 2026_WBSMB_1048344_1. Amount put into tender - ₹721686.00. Vide NIT No:- NZRMC/eT/SECY/05/2026-27, Dated- 02.11.2026. The last date for submission of Tender is on :- 02.12.2026 up to 12.00 pm. The detail information regarding e-NIT will be available on the https://wbtenders.gov.in Sd/- Secretary, Nadia Zilla Regulated Market Committee
ICA-T20032(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL
BIRBHUM ZILLA PARISHAD
SURI, BIRBHUM.
Abridged Notice Inviting e-Tender
Tender Notice No. BHM-N-22-2026-27
Memo no:4756/3(1)/BZP dt:-18/11/2026
Online Tender ID-2026_ZPHD_5087091
Additional Executive Officer, Birbhum Zilla Parishad invites e-Tender for 01 (One) no. of work. Detailed information including downloading and uploading time are available from the website www.tenders.wb.gov.in. & https://birbhum.gov.in
Sd/- Additional Executive Officer, Birbhum Zilla Parishad.
Memo No-139(3)/Inf(advt)/Bir, Dated-19.11.2026

GOVERNMENT OF WEST BENGAL
ABRIDGED NOTICE of e-tender NOTICE -
e-N.I.T No-WBIW/EE/KCD-I/e-NIT-06(e)/2026-27
On behalf of the Honorable Governor of W.B. The Executive Engineer, Kangsabati Canals Division No. I, Amlagora, Paschim Medinipur (Irrigation & Waterways Department) invites on line e-tender for engagement of security personnel, works value upto 6.00 lakh in the Block –Garbeta-I in the District of Paschim Medinipur, Bid submission start date : 19.11.2026 at 11:00 A.M. Bid submission last date : 26.11.2026 at 11:00 A.M. Details information, downloading & uploading are available from the website www.wbiwd.gov.in & www.wbtenders.gov.in Further corrigendum and addendum, if issued, will be published in website. Sd/- Executive Engineer, Kangsabati Canals Division No.-I, Amlagora, Paschim Medinipur. ICA-T20020(1)/2026

BRITANNIA
ব্রিটানিয়া ইন্ডাস্ট্রিজ লিমিটেড
কর্পোরেট আইডেন্টিটি নং: L15412WB1918PLC002964
রেজিস্টার্ড অফিস: ৫/১এ, হাঙ্গারফোর্ড স্ট্রিট, কলকাতা- ৭০০ ০১৭, পশ্চিমবঙ্গ, ভারত
দূরভাষ: ০৩৩-২২৮৭ ২৪৩৯/ ২০৫৭
ওয়েবসাইট: www.britannia.co.in ই-মেল আইডি: investorrelations@britindia.com
ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট(গুলি) ইস্যু সংক্রান্ত বিজ্ঞপ্তি
এতদ্বারা আপনাকে জানানো হচ্ছে যে, ব্রিটানিয়া ইন্ডাস্ট্রিজ লিমিটেড ('উক্ত কোম্পানি')-এর শেয়ারহোল্ডারগণ ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট(গুলি) ইস্যু করার জন্য অনুরোধ জানিয়েছেন, যার বিস্তারিত বিবরণ নিচে দেওয়া হলো:

ফোলিও নং	শেয়ারহোল্ডারের নাম	ফেস ভ্যালু	স্বতন্ত্র নং.	সার্টিফিকেট নং.	শেয়ার সংখ্যা
আর০০৪৬৬৬	মিঃ রাকেশ কুমার কাশ্যব	১ টাকা	২৩১১৫০৯০১ - ২৩১১৬৭২০	২২৫৭৪১	১৮,৮২০
এস০২০৩০২	মিস সুস্মিতা দান সঙ্গে যৌথভাবে মিস নিবেদিতা দত্ত এবং মিস অনিতা ঘোষ	১ টাকা	২৩৬৪০৩৩৬৩ - ২৩৬৪১২৩৩২	২২৪৮১৪	৮,৯৭০

উপরোক্ত শেয়ারহোল্ডারদের কাছ থেকে প্রাপ্ত অনুরোধের পরিপ্রেক্ষিতে, কোম্পানিস অ্যাক্ট, ২০১৩ ('উক্ত অ্যাক্ট') এবং সেবি (তালিকাভুক্তির বাধ্যবাধকতা এবং প্রকাশের আবশ্যকতা) রেগুলেশনস, ২০১৫ ('সেবি লিস্টিং রেগুলেশনস, ২০১৫')-এর বিধানাবলী এবং এই বিষয়ে সময়ে সময়ে জারি করা সেবির সার্কুলার অনুযায়ী, কোম্পানি উক্ত অরিজিনাল শেয়ার সার্টিফিকেটগুলির পরিবর্তে, ক্ষেত্র অনুযায়ী, তাদের ডিম্যাটেরিয়ালাইজড ফর্মে ইকুইটি শেয়ার জমা করার বা আইইপিএফ থেকে ইকুইটি শেয়ার দাবি করার জন্য অধিকার পত্র জারি করার প্রস্তাব করছে।
উপরে উল্লিখিত ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেটগুলি ইস্যু করার বিষয়ে কোনও ব্যক্তির আপত্তি থাকলে, তিনি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে কোম্পানির রেজিস্টার্ড অফিস, যার ঠিকানা: ৫/১এ, হাঙ্গারফোর্ড স্ট্রিট, কলকাতা- ৭০০ ০১৭, পশ্চিমবঙ্গ, ভারত- এখানে লিখিতভাবে তা জমা দিতে পারেন বা investorrelations@britindia.com-এ ইমেল পাঠাতে পারেন। যদি উক্ত ১৫ দিনের মধ্যে অর্থাৎ, ৪ ডিসেম্বর ২০২৬, ভারতীয় সময় বিকেল ৫:০০ টার মধ্যে কোনও আপত্তি না পাওয়া যায়, সেক্ষেত্রে কোম্পানি উপরোক্ত ব্যক্তিদের নামে শেয়ার জারি করার জন্য প্রয়োজনীয় চিঠি/নিশ্চয়তাপত্র প্রদানের প্রক্রিয়া শুরু করবে যা অ্যাক্ট এবং সেবি লিস্টিং রেগুলেশনস, ২০১৫-এর বিধানাবলী তৎসহ পঠিত সময়ে সময়ে জারি করা সেবি সার্কুলারগুলির বিধান অনুযায়ী সম্পন্ন করা হবে।
ব্রিটানিয়া ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে
স্বাক্ষর/-
সোনা রাজোরা
স্থান: ব্যাঙ্গালুরু — কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার
তারিখ: ১৯.১১.২০২৬ — আইসিএসআই মেম্বারশিপ নং: A35468

খড়গপুর ডিভিশনে ই-নিলাম
ই-নিলাম নোটিশ নং: কেজিপি/এমএসএস/২০২৬/১৩ তারিখ:- ১৭.১১.২০২৬
ভারতের রাষ্ট্রপতির জন্যে ও তরফে সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, খড়গপুর ডিভিশন, দক্ষিণ পূর্ব রেলওয়ে নিম্নলিখিত কাজের জন্য ই-নিলাম আহ্বান করছেন- ● ৩ (তিন) বছরের মেয়াদের জন্য মেচেদা-এর পিএফ-১/২, জলেশ্বর-এর পিএফ-২/৩, দীঘা রেলওয়ে স্টেশন বিল্ডিং সংলগ্ন এলাকা, পাঁশকুড়া -এর পিএফ-৫/৬, সাঁতরাগাছি রেলওয়ে স্টেশনের নতুন স্টেশন বিল্ডিংয়ের একতলায় মোবাইল এবং আনুসাঙ্গিক জিনিসের কিয়স্ক স্থাপন ও পরিচালনার চুক্তি। নিলাম ক্যাটালগ নং: এমএসএস-কেজিপি-এমওবিএল১১, নিলামের তারিখ ০১.১২.২০২৬, নিলাম শুরু/বন্ধ হওয়ার সময়: যথাক্রমে ১১:০০ এবং ১২:১০ টা। ● ৩ (তিন) বছরের মেয়াদের জন্য পাঁশকুড়া-এর পিএফ-৫/৬ এবং মেচেদা রেলওয়ে স্টেশনের পিএফ-৩/৪ -এ পূজা সামগ্রী কিয়স্ক স্থাপন ও পরিচালনার চুক্তি। নিলাম ক্যাটালগ নং: এমএসএস-কেজিপি-পিওওজেএ১১। নিলামের তারিখ ০২.১২.২০২৬, নিলাম শুরু/বন্ধ হওয়ার সময়: যথাক্রমে ১১:০০ এবং ১১:৪০ টায়। ● ৩ (তিন) বছরের মেয়াদের জন্য শালিমার এবং সাঁতরাগাছি রেলওয়ে স্টেশনে ইমার্জেন্সি মেডিকেল রুম (ইএমআর) স্থাপন, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের চুক্তি। নিলাম ক্যাটালগ নং: এমএসএস-কেজিপি-ইএমআর-৬। নিলামের তারিখ ০৩.১২.২০২৬, নিলাম শুরু/বন্ধ হওয়ার সময়: যথাক্রমে ১১:০০ এবং ১১:৪০ টায়। ● ৩ (তিন) বছরের মেয়াদের জন্য পাঁশকুড়া -এর পিএফ-৩/৪ এবং সাঁতরাগাছি নতুন স্টেশন বিল্ডিংয়ের একতলায় প্রমোশনাল কিয়স্ক স্থাপন ও পরিচালনার চুক্তি। নিলাম ক্যাটালগ নং: এমএসএস-কেজিপি-পিআরওএম১১। নিলামের তারিখ ০৪.১২.২০২৬, নিলাম শুরু/বন্ধ হওয়ার সময়: যথাক্রমে ১১:০০ এবং ১১:৪০ টায়। ● ৫ (পাঁচ) বছরের মেয়াদের জন্য খড়গপুর রেলওয়ে স্টেশনের সার্কুলেটিং এরিয়ায় রেল-কোচ রেস্তোরাঁ তৈরি, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ। নিলাম ক্যাটালগ নং: এমএসএস-কেজিপি-আরসিআর-৪, নিলামের তারিখ ০৭.১২.২০২৬। নিলাম শুরু/বন্ধ হওয়ার সময়: যথাক্রমে ১১:০০ এবং ১১:৩০ টায়। যা https://www.ireps.gov.in/ ওয়েবসাইটে বিজ্ঞাপিত হয়েছে।
ই-নিলাম নোটিশ নং: এডিভিটি-কেজিপি-২০২৬-১১ তারিখ: ১৭.১১.২০২৬
নিলামের তারিখ: ০৩.১২.২০২৬ তারিখে ১১:০০ টা থেকে ১৪:২০ টা পর্যন্ত। নিলাম ক্যাটালগ নং: এডিভিটি-কেজিপি-২৬-১১। ১. নিচের স্টেশনগুলির অভ্যন্তরীণ এলাকায় বোর্ড, গ্লোসাইন, কিয়স্ক ইত্যাদির মাধ্যমে বাণিজ্যিক বিজ্ঞাপন (নন-ডিজিটাল) প্রদর্শন: (i) নলপুর স্টেশন (ii) সাঁতরাগাছি স্টেশন (এফওবি-১) (iii) সাঁতরাগাছি স্টেশন (পিএফ) (iv) (ঝাড়গ্রাম-চাকুলিয়া-ঘাটশিলা) স্টেশনগুলি। ২. কেজিপি ডিভিশনে চলাচলকারী পাঁচ (০৫)টি ইএমইউ রেকের পাশের দেয়ালের সম্পূর্ণ বহির্ভাগে (জানালা এবং রেলওয়ের বাধ্যতামূলক চিহ্নগুলি ব্যতীত) ভিনাইল র‍্যাপিংয়ের মাধ্যমে বাণিজ্যিক বিজ্ঞাপন প্রদর্শন এবং ১২৮৮৩/১২৮৮৪ (সাঁতরাগাছি-পুরুলিয়া রূপসী বাংলা এক্সপ্রেস -এর পাশের দেয়ালের সম্পূর্ণ বহির্ভাগে (জানালা এবং রেলওয়ের বাধ্যতামূলক চিহ্নগুলি ব্যতীত) ভিনাইল র‍্যাপিং। ৩. (i) ১২৮৮৫/১২৮৮৬ শালিমার-ভোজুডিহ অরণ্যক এক্সপ্রেস ট্রেনের নির্দিষ্ট কোচগুলির ওয়াশ বেসিন ও ওয়াশরুমের কাছে অবস্থিত আয়নার নির্দিষ্ট অংশে এবং ফুড ট্রে + সিট ব্যাক -এ ভিনাইল স্টিকার (আরডিএসও স্পেসিফিকেশন অনুযায়ী) লাগিয়ে বাণিজ্যিক বিজ্ঞাপন প্রদর্শন। (ii) ১২২২২/১২২২১ হাওড়া-পুণে দুরন্ত এক্সপ্রেস ট্রেনের সমস্ত কোচের ওয়াশ বেসিন ও ওয়াশরুমের কাছে অবস্থিত আয়নার নির্দিষ্ট অংশে ভিনাইল স্টিকার (আরডিএসও স্পেসিফিকেশন অনুযায়ী) লাগিয়ে বাণিজ্যিক বিজ্ঞাপন প্রদর্শন। (iii) ১২৮৫৭/১২৮৫৮ হাওড়া-দীঘা তাম্রলিপ্ত এক্সপ্রেস ট্রেনের নির্দিষ্ট কোচগুলির ওয়াশ বেসিন ও ওয়াশরুমের কাছে অবস্থিত আয়নার নির্দিষ্ট অংশে এবং ফুড ট্রে + সিট ব্যাক -এ ভিনাইল স্টিকার (আরডিএসও স্পেসিফিকেশন অনুযায়ী) লাগিয়ে বাণিজ্যিক বিজ্ঞাপন প্রদর্শন। (iv) ১২৮৮৩/১২৮৮৪ সাঁতরাগাছি-পুরুলিয়া রূপসী বাংলা এক্সপ্রেস ট্রেনের নির্দিষ্ট কোচগুলির ওয়াশ বেসিন ও ওয়াশরুমের কাছে অবস্থিত আয়নার (Mirror) নির্দিষ্ট অংশে এবং ফুড ট্রে + সিট ব্যাক -এ ভিনাইল স্টিকার (আরডিএসও স্পেসিফিকেশন অনুযায়ী) লাগিয়ে বাণিজ্যিক বিজ্ঞাপন প্রদর্শন। ৪. নিচের স্টেশনগুলির আউট অফ হোম এলাকায় বাণিজ্যিক বিজ্ঞাপন প্রদর্শন: (i) খড়গপুর স্টেশন (উত্তর দিক) (ii) হাউর স্টেশন (iii) ফুলেশ্বর স্টেশন। ৫. দীঘা স্টেশনে একটি ভিডিও-ওয়াল/ডিজিটাল স্ক্রিন স্থাপন, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের মাধ্যমে বাণিজ্যিক বিজ্ঞাপন প্রদর্শন। এগুলি https://www.ireps.gov.in/ ওয়েবসাইটে বিজ্ঞাপিত হয়েছে। আগ্রহী পক্ষ এবং কন্ট্রাক্টরদের এই বিষয়ে অবহিত হওয়ার জন্য এবং ই-নিলাম নোটিশ সম্পর্কে বিস্তারিত ও প্রাসঙ্গিক তথ্যের জন্য উপরে উল্লিখিত ওয়েবসাইটটি দেখার অনুরোধ করা হচ্ছে। কোনো জিজ্ঞাসা বা স্পষ্টীকরণের প্রয়োজন হলে, অনুগ্রহ করে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করুন।
(PR-1022) সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার/খড়গপুর
দক্ষিণ পূর্ব রেলওয়ের
প্রসন্নচিত্তে রেল পরিষেবা

WBPDCL
Corp. Id. No. U40104WB1985SGC039154
CONSTRUCTION OF NEW OPEN SHEDS NEAR MAIN STORE THROUGH CAPEX FY 2026-27
Notice Inviting E-Tender
Ref No. WBPDCL/Tend-Adv/26-27/STPS/CC-6472, Dtd: 19/11/26
NIT No: WBPDCL/STPS/NIT/E4608/26-27/1535174
E-Tenders in prescribed format are invited at https://wbtenders.gov.in by the General Manager, STPS, WBPDCL from eligible Agencies/Companies in 2 Part bid system for "Construction of New Open Sheds near Main store through Capex FY 2026-27". Tender Document Download Start Date: 20-11-2026 from 03:00 PM., Bid Submission End Date: 14-12-2026 up to 03:00 PM. Contact Person: Mr. G.C. Maji, AGM (M&C), STPS. Contact No.: 88336903939. E-mail: gcmaji@wbpdcl.co.in.
For details please visit: https://wbtenders.gov.in ICA-T20053(3)/2026

WBPDCL
Corp. Id. No. U40104WB1985SGC039154
PROCUREMENT OF MISCELLANEOUS SPARE ITEMS FOR OVERHAULING JOB OF ASH HANDLING PLANT AREA DURING UNIT-6 OVERHAULING UNDER AHP (M/M) DEPTT., STPS
Notice Inviting E-Tender
Ref No. WBPDCL/Tend-Adv/26-27/STPS/CC-6471, Dtd: 19/11/26
NIT No: WBPDCL/STPS/NIT/E4600/26-27/1448633
E-Tenders in prescribed format are invited at https://wbtenders.gov.in by the General Manager, STPS, WBPDCL from eligible Agencies/Companies in 2 Part bid system for "Procurement of miscellaneous spare items for overhauling job of Ash Handling Plant area during Unit-6 overhauling under AHP (M/M) Deptt., STPS". Tender Document Download Start Date: 20.11.2026 from 15:00 Hrs., Bid Submission End Date: 27.11.2026 within 14:00 Hrs. Contact Person: Mr. D. Biswas, DGM (Purchase), STPS. Contact No.: 8336904045. E-mail: dbiswas@wbpdcl.co.in.
For details please visit: https://wbtenders.gov.in ICA-T20052(3)/2026

WBPDCL
Corp. Id. No. U40104WB1985SGC039154
SERVICE CONTRACT FOR REPLACEMENT/ RENOVATION OF THE EXISTING GLOW SIGN BOARDS AT DIFFERENT LOCATIONS OF STPS TOWNSHIP WITH SUITABLE NEW BOARDS OF APPROPRIATE SIZE AND DESIGN, UNDER E & S DEPTT., STPS
Notice Inviting E-Tender
Ref No. WBPDCL/Tend-Adv/26-27/STPS/CC-6470, Dtd: 19/11/26
NIT No: WBPDCL/STPS/NIT/E4604/26-27/1564102
E-Tenders in prescribed format are invited at https://wbtenders.gov.in by the General Manager, STPS, WBPDCL from eligible Agencies/Companies in 2 Part bid system for "Service contract for replacement/renovation of the existing glow sign boards at different locations of STPS Township with suitable new boards of appropriate size and design, under E & S deptt., STPS". Tender Document Download Start Date: 19.11.2026 from 11:00 Hrs., Bid Submission End Date: 07.12.2026 within 16:00 Hrs. Contact Person: Mr. G. C. Maji. Contact No.: 88336903939/9147338296. E-mail: gcmaji@wbpdcl.co.in / cc_stps@wbpdcl.co.in. For details please visit: https://wbtenders.gov.in
ICA-T20051(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL
NOTICE INVITING E-TENDER
[1] Bid reference no.:- WBMSCL/NIT-895/2026; Dated-13/11/2026. "Supply and delivery of new batteries for the existing UPS including the buyback of batteries with the same rating at Malbazar SSH Building, Jalpaiguri." [2] Bid reference no.:- WBMSCL/NIT-896/2026; Dated-13/11/2026. "Modification and Expansion (EI) work of Existing Laboratory Space at Nayagram Super Speciality Hospital in the Dist Jhargram." [3] Bid reference no.:- WBMSCL/NIT-897/2026; Dated-13/11/2026. "Replacement of street light & it's faulty cable, providing proper earthing to the entire street light pole and repair of glow sign board of Debra SSH in the district of Paschim Medinipur." [4] Bid reference no.:-WBMSCL/NIT-899/2026; Dated-13/11/2026. "Repair & Rectification of 350 KVAR APFC Panel installed at Nayagram Super Speciality Hospital, Dist- Jhargram (2nd call)." Last date of submission of bid (online) - 27.11.2026 up to 3.00 P.M. the tender document can be downloaded from www.wbmsc.gov.in & www.wbtenders.gov.in on or after 20.11.2026 at 03.00 P.M. Clarification requests, if any may be sent to cpee@wbmsc.gov.in Sd/- Managing Director, WBMSCL & Special Secretary to the Govt. of West Bengal, H&FWD. ICA-T20025(1)/2026

GOVERNMENT OF WEST BENGAL
Notice Inviting e-Auction
Notice Inviting e-Auction No. WBIW/SE/WC-II/RFP-05(e)/2026-27, WBIW/SE/WC-II/RFP-06(e)/2026-27, WBIW/SE/WC-II/RFP-07(e)/2026-27, WBIW/SE/WC-II/RFP-08(e)/2026-27, WBIW/SE/WC-II/RFP-09(e)/2026-27, WBIW/SE/WC-II/RFP-10(e)/2026-27, WBIW/SE/WC-II/RFP-11(e)/2026-27, WBIW/SE/WC-II/RFP-12(e)/2026-27, WBIW/SE/WC-II/RFP-13(e)/2026-27 & WBIW/SE/WC-II/RFP-14(e)/2026-27, are invited by the Senior Superintending Engineer, Western Circle II, I & W. Dte. For the work, "Dredging/De-silting/Removal of river bed materials of Tarasia Khal, River Old Cossye, Bhosra Khal, Ratnakar Khal, River Buriganga, Jyotisab Khal, Solatopa & Old Solatopa Khal, River Tamal, Katan Khal & Khirai Khal for a length of 10.00 Km, 11.10 Km, 5.40 Km, 7.20 Km, 1.20 Km, 3.98 Km, 14.70 Km, 10.00 Km, 16.20 & 29.50 Km. respectively by adopting "Revenue Sharing" Method under "No Cost to State Formula" within district Paschim Medinipur." All details of e-Auction may be obtained from the Website https://eauction.gov.in from 20.11.2026 at 10.00 Hours. Last date of bid submission is 14.12.2026 up to 16:00 Hours. [Sd/- Asish Dutta] Senior Superintending Engineer, Western Circle-II, I&W Dte. ICA-T20018(3)/2026

KOLKATA MUNICIPAL CORPORATION e - TENDER
ABRIDGE NIT
The Director General (Civil), KMC invites online percentage rate e-tender under two bid system for the following work :
NIT No.: KMC/D.G(C)/EE-III/13/1/MEDIAN/26-27
Name of the Work : Annual maintenance of elevated R.C.C Median along Bidhannagar Road from Bidhannagar Rly Station to Aurobinda Setu in Ward No.-13, BR-III; Estimated Amount : Rs.8,87,703.00; Earnest Money :Rs.18,000.00; Period of Completion : 365 Days; Last Date and Time of submission of Bid : 30.11.2026 - up to 12 noon. ; Date and Time of opening of Tender : 02.12.2026 - on or after 12 noon. The bid forms and other details shall be available on and from 20.11.2026 - 5 p.m. The website https://etender.wb.nic.in 730/26-27



আজ | ভারত-নিউ জ়িল্যান্ড প্রথম টেস্টের সরাসরি সম্প্রচার। **ভোর ৩.৩০**। সোনি স্পোর্টস নেটওয়ার্কে।

পোচেত্তিনোর লক্ষ্য

ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের জয়ের মানসিকতা ফিরিয়ে আনতে মরিয়া নতুন ম্যানেজার। **১০**

আনন্দবাজার পত্রিকা

খেলা

কলকাতা শুক্রবার ২০ নভেম্বর ২০২৬

এক নজরে

জিতে গিলদের চাপ বাড়ালেন বাভুমারা

বাংলাদেশকে নয় উইকেটে হারিয়ে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের পয়েন্ট টেবলে শীর্ষে চলে গেল দক্ষিণ আফ্রিকা। ফলে চাপ বাড়ল ভারতের। দক্ষিণ আফ্রিকার পয়েন্টের শতকরা হার ৭৫। দ্বিতীয় স্থানে থাকা নিউ জ়িল্যান্ডের ৭২.২২। চতুর্থ স্থানে রয়েছেন শুভমন গিলরা। তাঁদের এই হার ৫১.৫২ শতাংশ। পঞ্চম দিনে বাংলাদেশের দ্বিতীয় ইনিংস শেষ হয় মাত্র ১৬৮ রানে। ফলে দক্ষিণ আফ্রিকার জয়ের জন্য লক্ষ্য দাঁড়ায় মাত্র ১২ রান। ছয় উইকেট নিয়ে নায়ক অফস্পিনার সাইমন হার্মার।

সেরা এআইএফএফ

আঞ্চলিক ও মহাদেশীয় ফুটবলে সাফল্যের স্বীকৃতিস্বরূপ বৃহস্পতিবার 'এএফসি মেম্বার অ্যাসোসিয়েশন অব দ্য ইয়ার' বিভাগে 'গোল্ড' পুরস্কার জিতেছে সর্বভারতীয় ফুটবল ফেডারেশন। এর আগে ২০১৬ সালে উদীয়মান বিভাগে সেরা নির্বাচিত হয়েছিল ফেডারেশন। চলতি বছরে আঞ্চলিক প্রতিযোগিতায় পাঁচ বার চ্যাম্পিয়ন এবং তিন বার রানার্সের ট্রফি এসেছে। মহাদেশীয় পর্যায়েও দারুণ সাফল্য দেখিয়েছে ভারতের মেয়েরা।

নজরে বৈভব

দোহায় নেপালের বিরুদ্ধে শুক্রবার রাইজ়িং স্টার্স এশিয়া কাপে অভিযান শুরু করছে বৈভব সূর্যবংশীদের ভারত 'এ'। অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের ফাইনালে সেরা হওয়ার পাশাপাশি প্রতিযোগিতারও সেরা ক্রিকেটার নির্বাচিত হয়েছিল বৈভব। ভারত 'এ'-দলের অধিনায়ক তিলক বর্মা। সহ-অধিনায়ক রিঙ্কু সিংহ।

ফুটবলারের মৃত্যু

মিগুয়েলের মৃত্যুর শোক এখনও ভুলতে পারেননি ফুটবলপ্রেমীরা। ফের ফুটবল মাঠে মৃত্যু। ঘটনাটি ঘটেছে আর্জেন্টিনার চতুর্থ ডিভিশনের খেলায়। প্রতিপক্ষ ফুটবলারের লাথির আঘাতে মৃত্যু হয়েছে ১৮ বছরের আবেল নুনেজ়ের। বল ধরতে সাইডলাইনের দিকে এগোচ্ছিলেন আবেল। সেই সময়ে প্রতিপক্ষের পা আঘাত করে আবেলের মাথায়। হাসপাতালে যাওয়ার আগে মৃত্যু হয়।

সিরাজের বাদ পড়া নিয়ে ঝড়, জাডেজাকেও বাইরে রাখায় নিন্দা

কেন এই সিদ্ধান্ত, তির সানি-শাস্ত্রীদের

নিজস্ব প্রতিবেদন



"আমি মনে করতে পারছি না শেষ কবে ভারতের জার্সিতে খেলতে নেমে হতাশ করেছে মহম্মদ সিরাজ।

সুনীল গাওস্কর



"যদি গতি, দক্ষতা এবং সিম মুভমেন্ট দল নির্বাচনের মাপকাঠি হয়ে থাকে, তা হলে প্রশ্ন হচ্ছে কোথায় সিরাজ?

রবি শাস্ত্রী



"কী হচ্ছে ভারতীয় ক্রিকেটে? যখন এই ধরনের ঘটনা ঘটতেই থাকে, তখন মুখ খুলতেই হয়।

আর. অশ্বিন

১৯ নভেম্বর: ঝড়টা ওঠার কথা ছিল ওয়েলিংটনের বেসিন রিজার্ভের বাইশ গজে। কিন্তু সেই ঝড়টা উঠল মাঠের বাইরে। প্রাক্তন ক্রিকেটার থেকে ক্রিকেটভক্তদের মধ্যে। বৃহস্পতিবার সকালে নিউ জ়িল্যান্ডের বিরুদ্ধে প্রথম টেস্টে ভারতের প্রথম একাদশের নাম ঘোষণা হওয়ার পরেই প্রশ্নটা ছড়িয়ে পড়ে সবার মধ্যে— কেন বাদ দেওয়া হল মহম্মদ সিরাজকে? যেখানে ভারতীয় দল চার পেসারে খেলছে, সেখানেও সুযোগ হল না এই অভিজ্ঞ পেসারের? একইসঙ্গে প্রশ্ন উঠছে রবীন্দ্র জাডেজার বাদ পড়া নিয়েও।

বিস্মিত, ক্ষুব্ধ হয়েছেন সুনীল গাওস্কর থেকে আর. অশ্বিন। প্রশ্ন তুলে দিয়েছেন মহম্মদ আজ়হারউদ্দিন থেকে রবি শাস্ত্রী। টেস্ট খেলতে নেমে শেষ কবে মহম্মদ সিরাজ ভারতকে হতাশ করেছেন, তা মনে করতে পারছেন না সুনীল গাওস্কর। সম্প্রচারকারী চ্যানেল সোনি স্পোর্টসে গাওস্কর বলেন, "আমি অবাক হয়েছি বলব না, বলব এটা বিভ্রান্তিকর একটা সিদ্ধান্ত। তবে এই রকম যে একটা কিছু হবে, তার ইঙ্গিত আগেই পেয়েছিলাম।" যোগ করেন, "যখন ওকে একদিনের দলে রেখে দেওয়া হল কিন্তু একটার বেশি ম্যাচ খেলানো হল না, তখনই একটা আঁচ পেয়েছিলাম। তবে শেষ ম্যাচটা খেলল দেখে ভেবেছিলাম, হয়তো টেস্টের জন্য তৈরি করছে। কিন্তু দেখলাম সিরাজের নামটা প্রথম এগারোয় নেই। আমি মনে করতে পারছি না শেষ কবে ভারতের জার্সিতে খেলতে নেমে হতাশ করেছে সিরাজ। ওর বোলিং নিয়ে কোনও সমস্যাই কিন্তু দেখা যায়নি।"

কটাক্ষ করতে ছাড়েননি প্রাক্তন অফস্পিনার আর. অশ্বিনও। সিরাজ আর রবীন্দ্র জাডেজার বাদ পড়া প্রসঙ্গে প্রথমে সমাজমাধ্যমে অশ্বিন মন্তব্য করেন, "এটা তো এখন ভারতীয় ক্রিকেটের স্বাভাবিক ঘটনা হয়ে গিয়েছে।" এর পরে নিজের ইউটিউব চ্যানেলে ক্ষোভ উগরে দেন অশ্বিন। বলেন, "যখন এই ধরনের ঘটনা ঘটতেই থাকে, তখন মুখ খুলতেই হয়।" অশ্বিনের সাফ কথা, "কী হচ্ছে ভারতীয় ক্রিকেটে? জাডেজা বিদেশের মাঠে আগের সিরিজ়ে পাঁচশোর বেশি রান করল। ও বাদ। বুমরার অনুপস্থিতিতে ইংল্যান্ডের বিরুদ্ধে অসাধারণ বল করল সিরাজ। সে-ও নেই। এর থেকে কী বোঝা যায়?" ক্ষুব্ধ অশ্বিন এও বলেন, "সিরাজকে নিয়ে একই ব্যাপার দেখেছিলাম একদিনের সিরিজ়ে। ওখানেও বাইরে রেখে দেওয়া হয়েছিল। তখন মনে হয়েছিল হয়তো টেস্টের জন্য বিশ্রাম দিচ্ছে!"

অধিনায়ক শুভমন গিলের সমালোচনাও করেছেন অশ্বিন। তিনি মনে করেন, অধিনায়ক হিসেবে শুভমনেরও কিছু সিদ্ধান্ত নেওয়া উচিত। তাঁর ইঙ্গিত, প্রথম একাদশ বাছার ব্যাপারে কোচ গৌতম গম্ভীরই এখন শেষ কথা বলছেন। অশ্বিনের মন্তব্য, "অধিনায়কেরও নিজে থেকে কয়েকটা সিদ্ধান্ত নেওয়া উচিত। এক জন অধিনায়কই তো দল নিয়ে মাঠে নামে।"

প্রাক্তন অধিনায়ক ও কোচ রবি শাস্ত্রীও সিরাজকে বাদ দেওয়ার সিদ্ধান্তের সমালোচনা করেছেন। সমাজমাধ্যমে শাস্ত্রী লিখেছেন, "যদি গতি, দক্ষতা এবং সিম মুভমেন্ট দল নির্বাচনের মাপকাঠি হয়ে থাকে, তা হলে প্রশ্নটা করতেই হয় যে কোথায় মহম্মদ সিরাজ? অভিজ্ঞতা, আগ্রাসন আর বল হাতে ম্যাচে প্রভাব ফেলা নিশ্চয়ই একটা মাপকাঠি হতে পারে।"

থেমে থাকেননি মহম্মদ আজ়হারউদ্দিনও। সমাজমাধ্যমে প্রাক্তন অধিনায়ক মন্তব্য করেছেন, "সিরাজকে প্রথম একাদশে দেখতে না পেয়ে খুবই হতাশ হয়েছি। বুমরার অনুপস্থিতিতে ভারতীয় দলের হয়ে ও নিজেকে উজাড় করে দিয়েছে। দক্ষতা, দায়বদ্ধতা আর লড়াকু মানসিকতার প্রমাণ বারবার দিয়েছে সিরাজ।"



■ **ব্রাত্য:** ভারতীয় দলের দরজা কি বন্ধ হয়ে গেল সিরাজ-জাডেজার জন্য? *ফাইল চিত্র*

দাপট শুধু বুমরার, হেনরির শতরানে নিষ্প্রভ প্রসিদ্ধরা

নিজস্ব প্রতিবেদন



■ **বিধ্বংসী:** প্রথম দিন তিন উইকেট যশপ্রীত বুমরার। *বিসিসিআই*

১৯ নভেম্বর: টস জিতলে যে ভারত অধিনায়ক শুভমন গিল ফিল্ডিং নেবেন, সেটা প্রত্যাশিত ছিল। বল হাতে ওয়েলিংটনের সবুজ পিচে যে বিধ্বংসী হয়ে উঠবেন যশপ্রীত বুমরা, সেটাও সবার জানা ছিল। কিন্তু জানা ছিল না যে, মহম্মদ সিরাজকে বাইরে বসতে হবে। আর সেই সিদ্ধান্তের খেসারত দিতে হল ভারতীয় দলকে।

বৃহস্পতিবার টেস্টের প্রথম দিনে একটা সময় ৭০ রানে পাঁচ উইকেট পড়ে যায় নিউ জ়িল্যান্ডের। তিনটি উইকেট তুলে নেন বুমরা। একটি করে উইকেট পান আকাশ দীপ এবং অংশুল কম্বোজ। কিন্তু কোনও ছাপ ফেলতে পারেননি প্রসিদ্ধ কৃষ্ণ। যার জেরে দিনের শেষে নিউ জ়িল্যান্ডের রান পাঁচ উইকেটে ২৪৩। অসাধারণ অপরাজিত শতরান করে ব্যাট করছেন হেনরি নিকলোস (১১৩)। সঙ্গে রয়েছেন ছন্দে থাকা গ্লেন ফিলিপস (৯৪)। এই দুই ব্যাটসম্যানের দাপটে প্রথম দিনের শেষে টস জিতেও লড়াইয়ে এগিয়ে যেতে পারল না ভারত।

এই সময় বার বার টের পাওয়া গিয়েছে মহম্মদ সিরাজের অনুপস্থিতি। ইংল্যান্ডের মাঠে অসাধারণ বল করে আসা সিরাজকে ওই সময় ড্রেসিংরুমে বসে থাকতে দেখে প্রশ্ন তোলেন ক্ষুব্ধ সুনীল গাওস্কর থেকে রবি শাস্ত্রীরা। সমাজমাধ্যমে কাঠগড়ায় তোলা হয় কোচ গৌতম গম্ভীরকে। ভারতীয় সমর্থকেরা গম্ভীরকে মনে করিয়ে দেন, দল নির্বাচন নিয়ে তিনি যা ইচ্ছে তাই করতে পারেন না।

দিনের শেষে ব্যাটিং কোচ সীতাংশু কোটাক এসে অক্ষম যুক্তি দিয়ে ভুল সিদ্ধান্তকে আড়াল করতে চেয়েছেন। সাংবাদিকদের তিনি বলেন, "যখন দল বাছা হয়, তখন সেরা একাদশকেই মাঠে নামানোর চেষ্টা করা হয়। এ বারও তাই হয়েছে। সিরাজের কোনও সমস্যা নেই।" ব্যাটিং কোচের এই যুক্তিকে উড়িয়ে দিচ্ছেন ক্রিকেটপ্রেমীরা। একইসঙ্গে প্রশ্ন উঠছে রবীন্দ্র জাডেজার দলে না থাকা নিয়েও।

এ দিন প্রথম দু'ঘণ্টায় নিউ জ়িল্যান্ডের চার উইকেট পড়ে গিয়েছিল। মধ্যাহ্নভোজের বিরতির পরে টম ব্লান্ডেলকেও (৫) ফিরিয়ে দেন বুমরা। ওই সময় ১২ ওভারে তিন উইকেট তুলে নেন তিনি। কিন্তু তার পরেই প্রতিরোধ গড়ে তোলেন নিকোলস ও ফিলিপস। ষষ্ঠ উইকেটে তাঁদের জুটি লড়াইয়ে ফেরায় নিউ জ়িল্যান্ডকে। দু'জনের জুটিতে এখনও পর্যন্ত উঠেছে ৩২৭ বলে ১৭৩ রান! যা ভারতকে চাপে ফেলে দিয়েছে।

স্কোরকার্ড

নিউ জ়িল্যান্ড	**২৪৩-৫ (৮২)**
ভারত	

নিউ জ়িল্যান্ড	
ল্যাথাম বো বুমরা	০■২
কনওয়ে ক পন্থ বো কম্বোজ	৪■১৩
হেনরি ব্যাটিং	১১৩■২২১
রাচিন ক পন্থ বো আকাশ দীপ	১৫■৫০
মিচেল ক যশস্বী বো বুমরা	১■৮
ব্লান্ডেল ক গিল বো বুমরা	৫■২২
ফিলিপস ব্যাটিং	৯৪■১৮২
অতিরিক্ত	১১
মোট	২৪৩-৫ (৮২)

পতন: ১-২ (ল্যাথাম, ০.৩), ২-১২ (কনওয়ে, ৩.২), ৩-৫১ (রাচিন,১৯.১), ৪-৫২ (মিচেল, ২০.৬), ৫-৭০ (ব্লান্ডেল, ২৮.২)।

বোলিং: যশপ্রীত বুমরা ১৭-৫-৫২-৩, অংশুল কম্বোজ ১৮-৪-৫৭-১, আকাশ দীপ ১৫-৫-৩৩-১, প্রসিদ্ধ কৃষ্ণ ১৬-২-৫৮-০, ওয়াশিংটন সুন্দর ১৬-২-৩৮-০।

অলিম্পিক্স চ্যাম্পিয়নকে হারিয়ে চমক রামরাজের

নিজস্ব প্রতিবেদন

১৯ নভেম্বর: হংকং ওপেনে চমক ভারতের আর রামরাজের। ১৯ বছর বয়সি ভারতের উঠতি মহিলা ব্যাডমিন্টন খেলোয়াড় রামরাজ বৃহস্পতিবার টোকিয়ো অলিম্পিক্স চ্যাম্পিয়ন চিনের চেন উফেইকে হারিয়ে প্রথম কোনও সুপার ৫০০ পর্যায়ের প্রতিযোগিতার সেমিফাইনালে উঠলেন। ফল ২১-১৮, ২৪-২২।

তামিলনাড়ুর মেয়ে রামরাজ প্রশিক্ষণ নেন পুল্লেলা গোপীচন্দ অ্যাকাডেমিতে। বিশ্বের চার নম্বর চেন-এর বিরুদ্ধে এ দিন তিনি যে ভাবে খেলেছেন তা নজর কেড়ে নেয়। তাঁর মাথার উপর থেকে নেওয়া শট কোথায় যাবে তা আন্দাজ করতে সমস্যায় পড়ছিলেন চেন। সঙ্গে র‍্যালিগুলো তিনি নিয়ন্ত্রণ করছেন আক্রমণাত্মক শটে। প্রথম রাউন্ডেও বিশ্বের ৪৭ নম্বর রামরাজ দুরন্ত জয় পান ডেনমার্কের মিয়া ব্লেশফেল্টকে (বিশ্বর‍্যাঙ্কিং ২০) হারিয়ে। কিন্তু চেন-এর বিরুদ্ধে জয় তাঁকে অন্য উচ্চতায় নিয়ে গেল। "এখনও পর্যন্ত এটাই আমার জীবনের সবচেয়ে বড় জয়। চেন উফেই আমার সবচেয়ে বড় আদর্শ," জয়ের পরে বলেছেন রামরাজ। যোগ করেছেন, "এখনও বিশ্বাস হচ্ছে না জিতেছি। ভবিষ্যতে আরও বড় জয় পেতে চাই।"

চাপ বাড়ছে কামিন্সের

নিজস্ব প্রতিবেদন

১৯ নভেম্বর: বল-বিকৃতি কাণ্ড নিয়ে ঘরে বাইরে চাপে প্যাট কামিন্স। বৃহস্পতিবার বাড়ির সামনেই সাংবাদিকদের প্রশ্নবাণের মুখে পড়তে হল অস্ট্রেলীয় অধিনায়ককে। এক দিন আগেই ক্যামেরন ব্যানক্রফ্ট লিখেছিলেন যে দলের প্রত্যেকে বল-বিকৃতি কাণ্ড নিয়ে জানত। এ দিন সাংবাদিকদের বল বিকৃতি কাণ্ড নিয়ে প্রশ্নের জবাব দেননি কামিন্স। পরে অস্ট্রেলিয়ার প্রাক্তন উইকেটরক্ষক ইয়ান হিলি বলেছেন, "যতক্ষণ না ব্যানক্রফ্টের বিস্ফোরক মন্তব্য নিয়ে কামিন্স পাল্টা কিছু বলছে, ততক্ষণ পর্যন্ত ওর টেস্ট দলের অধিনায়কত্ব সামলানো কঠিন হবে।"

দিল্লি-দ্বৈরথে রক্ষণই চিন্তা, সন্দীপকে নিয়ে দ্বিধায় হাবাস

নিজস্ব সংবাদদাতা

সাফল্যের শিখরে আরোহণ কয়েক গুণ বাড়িয়ে দেয় প্রত্যাশার চাপ! সন্দীপ মাণ্ডির এখন সেই অবস্থা। আনোয়ার আলি-হীন ইস্টবেঙ্গলের রক্ষণে তিনিই অন্যতম ভরসা আন্তোনিয়ো লোপেস হাবাসের। কিন্তু সাফ চ্যাম্পিয়ন হয়ে বুধবারই কলকাতায় ফেরা ভারতীয় দলের ডিফেন্ডারকে আটচল্লিশ ঘণ্টার মধ্যে যুবভারতীতে স্পোর্টিং ক্লাব দিল্লির বিরুদ্ধে আইএসএলের ম্যাচে শুরু থেকে খেলানোর ঝুঁকি কি নেবেন স্পেনীয় চাণক্য?

শারীরিক এবং মানসিক ভাবে কোনও ফুটবলার তরতাজা না থাকলে হাবাস কখনওই তাঁকে খেলান না। কিন্তু এখন পরিস্থিতি বদলে গিয়েছে। আইএসএলে চেন্নাইয়িন এফসি ৩-৫ চূর্ণ করেছে ইস্টবেঙ্গলকে। দিল্লি আরও কঠিন প্রতিপক্ষ। মুম্বই সিটি এফসি-র বিরুদ্ধে ০-২ পিছিয়ে পড়েও ৩-২ জিতেছিলেন খুয়ান পেনা-রা। তার পরে ইন্টার কাশীর বিরুদ্ধে ৩-০ জয়। পাঁচ ম্যাচ থেকে সাত পয়েন্ট অর্জন করে চতুর্থ স্থানে থাকা দিল্লির বিরুদ্ধে ম্যাচের আগে রক্ষণ নিয়েই হাবাসের যত চিন্তা। আনোয়ারের বিকল্প হিসেবে কি সন্দীপকেই ভাবছেন?

ঘূর্ণিঝড় আকবানের দাপটে বৃহস্পতিবার সকাল থেকেই বৃষ্টি। হাবাসের মুখও ভার। নিউ টাউনে সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের সেন্টার অব এক্সিলেন্সে অনুশীলন শুরুর আগে তিন ম্যাচ থেকে ছয় পয়েন্ট অর্জন করে ষষ্ঠ স্থানে থাকা ইস্টবেঙ্গলের কোচ যুবভারতীতে সাংবাদিক বৈঠকে বলছিলেন, "সন্দীপ এমন এক জন ফুটবলার, যার নিজের উপর প্রচণ্ড বিশ্বাস রয়েছে। ওর উপরে চোখ বন্ধ করে ভরসা করা যায়। সন্দীপের সামনে উজ্জ্বল ভবিষ্যৎ রয়েছে। প্রত্যেক দিন নিষ্ঠার সঙ্গে অনুশীলন করে। খাওয়াদাওয়া থেকে জীবনযাপন— সব কিছুতেই পেশাদারিত্ব বজায় রাখে। অন্য ফুটবলারদের কাছে সন্দীপ উদাহরণ। ওর উপরে পূর্ণ আস্থা রয়েছে। কিন্তু সমস্যা হচ্ছে, সন্দীপ ও বিষ্ণু (পি ভি) বুধবারই ফিরেছে। ওরা এই ম্যাচে খেলতে পারবে কি না, দেখতে হবে।" আরও বললেন, "ডেভিড (লালহানসাঙ্গা) এবং জয়ও (গুপ্ত) বুধবার ফিরেছে। নিউ জ়িল্যান্ড থেকে কলকাতায় আসার জন্য ওদের একাধিক বিমান বদল করতে হয়েছে। জাতীয় দল থেকে ফেরা ফুটবলারেরা মাত্র এক দিন অনুশীলনের সুযোগ পেয়েছে। শারীরিক ক্লান্তি কাটিয়ে ওঠার সময় পাচ্ছেই না। ইউরোপে এই অবস্থায় কোনও ফুটবলারকে খেলানো হয় না। এমনকি, দশ মিনিটের জন্যও মাঠে নামানো হয় না। কিন্তু এখানে আমাদের সব দিক বিবেচনা করে সিদ্ধান্ত নিতে হয়। তবে সন্দীপ ছাড়াও লাল চুংনুঙ্গা আছে দিয়েগো জ়িভুলিচের পাশে খেলার জন্য। ম্যাচের আগেই ঠিক করব, কে খেলবে। তবে মাত্র ১৮-১৯ জন ফুটবলারের উপরে নির্ভর করে দল চলবে না। ২২ থেকে ২৪ জনের দল দরকার। যাতে ফুটবলারদের ঘুরিয়ে ফিরিয়ে খেলানো যায়।" ইস্টবেঙ্গলে অবশ্য জিকসন সিংহও আছেন। গত মরসুমে একাধিক ম্যাচ খেলেছেন স্টপার হিসেবে।

অনুশীলনে সন্দীপকে দেখে নিশ্চয়ই চিন্তা কিছুটা কমেছে হাবাসের। ভারতের সাফ জয়ের নায়কের মধ্যে ক্লান্তির কোনও ছাপ নেই। প্রবল বৃষ্টির মধ্যে পুরোদমেই অনুশীলন করলেন। ডেভিড এবং জয়কেও চনমনে দেখাল। তবুও সন্দীপ ও বিষ্ণুর শুরু থেকে খেলার সম্ভাবনা কম। প্রয়োজন হলে তাঁদের পরিবর্ত হিসেবে নামাতে পারেন হাবাস।

চেন্নাইয়িন ম্যাচে পাঁচ গোল খাওয়ার ধাক্কা সামলে ঘুরে দাঁড়াতে মরিয়া ইস্টবেঙ্গল শিবিরে স্বস্তির খবর, চোট সারিয়ে এডমুন্ড লালরিনডিকাও ফিট হয়ে উঠেছেন। হাবাস যদিও চেন্নাইয়িনের বিরুদ্ধে হারকে নিছকই দুর্ঘটনা বলে দাবি করলেন। তাঁর কথায়, "চেন্নাইয়িনের বিরুদ্ধে যে ফুটবলটা খেলেছি, তা আমাদের স্বাভাবিক খেলা নয়। তাই যত দ্রুত সম্ভব নিজেদের জায়গায় ফিরে আসতে হবে।" অন্য ম্যাচে বেঙ্গালুরু এফসি খেলবে মুম্বই সিটি এফসির বিরুদ্ধে।

এ দিকে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর হাত দিয়ে দশমবার সাফ চ্যাম্পিয়ন ভারতীয় দলকে সংবর্ধনা দিতে চায় ইস্টবেঙ্গল। ভারতীয় দলকে অভিনন্দন জানিয়ে বৃহস্পতিবারই সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের সভাপতি কল্যাণ চৌবেকে এই বিষয়ে চিঠি দেওয়া হয়েছে।

পরীক্ষা মহমেডানের: আইএফএলে দু'ম্যাচে জয়ের মুখ দেখেনি মহমেডান স্পোর্টিং। শুক্রবার মহমেডানের প্রতিপক্ষ কেরল এফসি, যারা তিন ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে রয়েছে টেবলের শীর্ষে। মহমেডান পাচ্ছে না ডিফেন্ডার দীনেশ মেইতেইকে।

শুক্রবার আইএসএলে: ইস্টবেঙ্গল বনাম স্পোর্টিং ক্লাব দিল্লি (যুবভারতী, বিকেল ৫.০০, সোনি স্পোর্টস নেটওয়ার্কে)।





■ **মহড়া:** অনুশীলনে মগ্ন সন্দীপ (উপরে) আকে লোবা। *ইস্টবেঙ্গল*

ক্রীড়ামন্ত্রীকে চিঠি ভাইচুংদের

নিজস্ব প্রতিবেদন

১৯ নভেম্বর: সর্বভারতীয় ফুটবল ফেডারেশনে নতুন সভাপতির দাবি জানিয়ে ভাইচুং ভুটিয়া সহ ১৫ জন প্রাক্তন ফুটবলার বৃহস্পতিবার চিঠি দিয়েছেন কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী মনসুখ মাণ্ডবীয়কে।

সংবাদ সংস্থা পিটিআই জানিয়েছে সেই চিঠিতে প্রাক্তন ফুটবলাররা লিখেছেন, "দেশের ফুটবলের বর্তমান অবস্থা অত্যন্ত শোচনীয় এবং আমাদের ফুটবল সংস্কৃতির পক্ষে গ্রহণযোগ্য নয়।" আরও লেখা হয়েছে, "ফেডারেশনের সভাপতি এবং গভর্নিং বডি দায়িত্ব নেওয়ার পরে ভারতের ফিফা র‍্যাঙ্কিং ৯৫ থেকে ১৩৮-এ (এখন ১৪১) নেমে গিয়েছে। কয়েক বছর পরে যখন অলিম্পিক্স আয়োজনের কথা চিন্তা করছি, তখন এই পতন চিন্তা বাড়াচ্ছে।"

রানরেটে চোখ অভিমন্যুদের

নিজস্ব সংবাদদাতা

শেষ দুই ম্যাচে এসেছে জয়। শুক্রবার সৈয়দ মুস্তাক আলি ট্রফিতে মিজ়োরামের বিরুদ্ধেও সেই জয়ের ধারা বজায় রাখতে মরিয়া বাংলা। পাশাপাশি অভিমন্যু ঈশ্বরনদের পাখির চোখ অপেক্ষাকৃত দুর্বল দলের বিরুদ্ধে রান রেট বাড়িয়ে নেওয়াও।

গ্রুপ 'এ'-তে তিন ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে শীর্ষে রাজস্থান। সমসংখ্যক ম্যাচে ৮ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে বরোদা। বাংলা ৮ পয়েন্টে থাকলেও নেট রানরেটের (+১.৩১১) কারণে রয়েছে তৃতীয় স্থানে। প্রথম দুই দলের মধ্যে শেষ করাই লক্ষ্য এখন অভিমন্যুদের।

মিজ়োরামের বিরুদ্ধে এক জন অতিরিক্ত স্পিনার বা ব্যাটসম্যান খেলাতে পারে বাংলা। কোচ লক্ষ্মীরতন শুক্ল বলছিলেন, "শেষ দুই ম্যাচে জিতে আত্মবিশ্বাস অনেকটা বেড়ে গিয়েছে। জয়ের হ্যাটট্রিকের লক্ষ্যে নামব।" এ দিকে গ্রুপ 'ডি'-তে ইডেনে মুম্বই খেলবে বিদর্ভের বিরুদ্ধে।



■ **আগ্রাসী:** মালয়েশিয়ার রক্ষণে হানা ভারতের নবনীতের। *হকি ইন্ডিয়া*

মালয়েশিয়াকে হারিয়ে অভিযান শুরু ভারতের

এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফি

ভারত ৪ ■ মালয়েশিয়া ১

নিজস্ব প্রতিবেদন

১৯ নভেম্বর: ম্যাচের শুরুতে পাওয়া ধাক্কা সামলে দুরন্ত প্রত্যাবর্তন। মালয়েশিয়াকে হারিয়ে এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফিতে খেতাব ধরে রাখার অভিযান শুরু করল ভারতের মেয়েদের হকি দল। বৃহস্পতিবার ভোপালের ইন্টারন্যাশনাল স্পোর্টস কমপ্লেক্সে আয়োজিত প্রতিযোগিতার প্রথম ম্যাচে ৪-১ গোলে জয় পেলেন সালিমা টেটে-রা।

তবে ম্যাচের ১৯ মিনিটে নুরামিরাহ জুলকিফলির গোলে এগিয়ে গিয়েছিল মালয়েশিয়াই। তবে সেই উচ্ছ্বাস বেশিক্ষণ স্থায়ী হয়নি। পরের মিনিটেই গোল করে ভারতকে সমতায় ফেরান মমতাজ় খান। ফলে প্রথমার্ধের খেলা শেষ হয় ১-১ গোলে। দ্বিতীয়ার্ধে অবশ্য ম্যাচের রাশ পুরোপুরি নিজেদের হাতে নিয়ে নেয় ভারত। ৩৫ মিনিটে পেনাল্টি কর্নার থেকে তৈরি হওয়া সুযোগে গোল করেন অধিনায়ক সলিমা। চার মিনিট পরেই ব্যবধান বাড়ান অভিষেক হওয়া পূজা সাহু। পেনাল্টি কর্নার থেকে তাঁর গোলে ৩-১ এগিয়ে যায় ভারত।

ম্যাচের ৪৯ মিনিটে পেনাল্টি কর্নার থেকেই ভারতের হয়ে চতুর্থ গোলটি করেন লালরেমসিয়ামি। এর পর আর ঘুরে দাঁড়াতে পারেনি মালয়েশিয়া। অভিষেক ম্যাচে দুরন্ত খেলার জন্য ম্যাচের সেরা নির্বাচিত হন পূজা। এই প্রথম কোনও আন্তর্জাতিক হকি প্রতিযোগিতার আয়োজন করছে ভোপাল। প্রতিযোগিতার উদ্বোধনী দিনেই স্থানীয় দর্শকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। এ দিন অন্য ম্যাচে তাইল্যান্ডকে ৭-০ গোলে উড়িয়ে প্রতিযোগিতায় অভিযান শুরু করেছে চিন। অন্য দিকে, দক্ষিণ কোরিয়াকে ১-০ গোলে হারিয়েছে জাপান। ম্যাচের ৫৯ মিনিটে জয়সূচক গোলটি করেন হানামি সাইতো। শনিবার দক্ষিণ কোরিয়ার মুখোমুখি হবে ভারত।

ম্যাচের পরে ভারতের কোচ সোর্দ মারিন বলেছেন, "শুরুতে একটু চাপ ছিল। তবে সেই সময়টা কেটে যাওয়ার পরে আমরা ভাল খেলেছি। সুযোগ তৈরি করেছি। জিততে গেলে গোল করতে হয়। তবে আমরা যে রকম ভেবেছিলাম তার চেয়ে বেশি সময় লেগেছে গোল আসতে।"

হকিতে জয়ী ভারত: অকল্যান্ডে ভারতের পুরুষদের দল ৩-২ হারাল নিউ জ়িল্যান্ডকে। ২৫ মিনিটে নিউ জ়িল্যান্ডকে এগিয়ে দেন জন্টি এমেস। সমতা ফেরান উত্তম সিংহ। ৩৮ মিনিটে ২-১ করেন সারদানন্দ তিওয়ারি। ব্যবধান বাড়ান সঞ্জয়। খেলা শেষের পাঁচ মিনিট আগে নিউ জ়িল্যান্ডের হয়ে গোল করেন স্যাম হিহা।

BRITANNIA

ব্রিটানিয়া ইন্ডাস্ট্রিজ লিমিটেড

কর্পোরেট আইডেন্টিটি নং: L15412WB1918PLC002964
রেজিস্টার্ড অফিস: ৫/১এ, হাঙ্গারফোর্ড স্ট্রিট, কলকাতা-৭০০ ০১৭, পশ্চিমবঙ্গ, ভারত
দূরভাষ: ০৩৩ - ২২৮৭ ২৪৩৯/ ২০৫৭
ওয়েবসাইট: www.britannia.co.in **ই-মেল আইডি:** investorrelations@britindia.com

ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট (গুলি) ইস্যু সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা আপনাকে জানানো হচ্ছে যে, ব্রিটানিয়া ইন্ডাস্ট্রিজ লিমিটেড ('উক্ত কোম্পানি')-এর শেয়ারহোল্ডারগণ ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট (গুলি) ইস্যু করার জন্য অনুরোধ জানিয়েছেন, যার বিস্তারিত বিবরণ নিচে দেওয়া হলো:

ফোলিও নং	শেয়ারহোল্ডারের নাম	ফেস ভ্যালু	স্বতন্ত্র নং	সার্টিফিকেট নং	শেয়ার সংখ্যা
আর০০৪৬৬৩	মিঃ রাকেশ কুমার কাশ্যব	১ টাকা	২৩৯১৫০৯০১ - ২৩৯১৬৯৭২০	২২৫৭৪১	১৮,৮২০
এস০২০৩০২	মিস সুস্মিতা দান সঙ্গে যৌথভাবে মিস নিবেদিতা দত্ত এবং মিস অনিতা ঘোষ	১ টাকা	২৩৬৪০৩৩৬৩ - ২৩৬৪১২৩৩২	২২৪৮১৪	৮,৯৭০

উপরোক্ত শেয়ারহোল্ডারদের কাছ থেকে প্রাপ্ত অনুরোধের পরিপ্রেক্ষিতে, কোম্পানিস অ্যাক্ট, ২০১৩ ('উক্ত অ্যাক্ট') এবং সেবি (তালিকাভুক্তির বাধ্যবাধকতা এবং প্রকাশের আবশ্যকতা) রেগুলেশনস, ২০১৫ ('সেবি লিস্টিং রেগুলেশনস, ২০১৫')-এর বিধানাবলী এবং এই বিষয়ে সময়ে সময়ে জারি করা সেবির সার্কুলার অনুযায়ী, কোম্পানি উক্ত অরিজিনাল শেয়ার সার্টিফিকেটগুলির পরিবর্তে, ক্ষেত্র অনুযায়ী, তাদের ডিম্যাটেরিয়ালাইজড ফর্মে ইকুইটি শেয়ার জমা করার বা আইইপিএফ থেকে ইক্যুইটি শেয়ার দাবি করার জন্য অধিকার পত্র জারি করার প্রস্তাব করছে। উপরে উল্লিখিত ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেটগুলি ইস্যু করার বিষয়ে কোনও ব্যক্তির আপত্তি থাকলে, তিনি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে কোম্পানির রেজিস্টার্ড অফিস, যার ঠিকানা: ৫/১এ, হাঙ্গারফোর্ড স্ট্রিট, কলকাতা-৭০০ ০১৭, পশ্চিমবঙ্গ, ভারত- এখানে লিখিতভাবে তা জমা দিতে পারেন বা investorrelations@britindia.com-এ ইমেল পাঠাতে পারেন। যদি উক্ত ১৫ দিনের মধ্যে অর্থাৎ, ৪ ডিসেম্বর ২০২৬, ভারতীয় সময় বিকেল ৫:০০ টার মধ্যে কোনও আপত্তি না পাওয়া যায়, সেক্ষেত্রে কোম্পানি উপরোক্ত ব্যক্তিদের নামে শেয়ার জারি করার জন্য প্রয়োজনীয় চিঠি/নিশ্চয়তাপত্র প্রদানের প্রক্রিয়া শুরু করবে যা অ্যাক্ট এবং সেবি লিস্টিং রেগুলেশনস, ২০১৫-এর বিধানাবলী তৎসহ পঠিত সময়ে সময়ে জারি করা সেবি সার্কুলারগুলির বিধান অনুযায়ী সম্পন্ন করা হবে।

ব্রিটানিয়া ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে
স্বাক্ষর/-
সোনা রাজোরা
কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার
আইসিএসআই মেম্বারশিপ নং: A35468

স্থান: ব্যাঙ্গালুরু
তারিখ: ১৯.১১.২০২৬

প্রকাশ্য বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি দ্বারা সর্বসাধারণকে জানানো হচ্ছে যে আমাদের মক্কেল, **শ্রেয়ী ইকুইপমেন্ট ফাইন্যান্স লিমিটেড ("এসইএফএল")**, যার ব্যবসায়িক ঠিকানা- গোদরেজ ওয়াটারসাইড, ইউনিট- ১, অষ্টম তল, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা- ৭০০০৯১, নিম্নোক্ত তপশীলে বর্ণিত স্থাবর সম্পত্তিগুলির স্বত্ব দলিলগুলি জমা রেখে বন্ধকীর মাধ্যমে একটি একচেটিয়া ও বিদ্যমান দায়ভার ধারণ করেছে যেগুলি বিভিন্ন কোম্পানি কর্তৃক এসইএফএল থেকে প্রাপ্ত আর্থিক সহায়তার জামানত হিসাবে জমা দেওয়া হয়েছে।

বন্ধকী সম্পত্তির তপশীল **জমির সমস্ত অংশের পরিমাপ প্রায় ৪.৪৬ একর (সরকারি রেকর্ড অনুযায়ী) যা ১৩ বিঘা (প্রায়)-র সমতুল্য (এবং ৪.৯৩ একর স্বত্বের দলিলগুলি অনুযায়ী) যার অবস্থান: মৌজা- ভগবানপুর, জে.এল. নং ৮, এল.আর. দাগ নং ৩১৮/৮০৮-এর অন্তর্ভুক্ত এল.আর. খতিয়ান নং- ২১৬১, ২১৬২, ২১৬৩, ২১৬৪, ২১৬৫, ২১৬৬, ২১৬৭, ২১৬৮, ২১৬৯, ২১৭০, ২১৭১, ২১৭৩, ২১৭৪, ২২২৮, ২২২৯, ২২৩০, ২২৩১, ২২৩২, ২২৩৩, ২২৩৪, ২২৩৫, ২২৩৬, ২২৩৭, ২২৩৮, ২২৩৯, ২২৪০, ২২৪১, ২২৪২, ২২৪৩, ২২৪৪, ২২৪৫, ২২৪৬, ২২৪৭, ২২৪৮, ২২৪৯, ২২৫০, ২২৫১, ২২৫২, ২২৫৩, ২২৫৪, ২২৫৫, ২২৫৬, ২২৫৭, ২৩২৮, ২৩২৯, ২৩৩০, ২৩৩১, ২৩৩২, ২৩৩৩, ২৩৩৪, ২৩৩৫, ২৩৩৬, ২৩৩৭, ২৩৩৮, ২৩৩৯, ২৩৪০, ২৩৪১, ২৩৪২, ২৩৪৩, ২৩৪৪, ২৩৪৫, ২৩৪৬, ২৩৪৭-এর অধীনে পুলিশ স্টেশন- সোনারপুর- এর সীমার মধ্যে, গ্রাম পঞ্চায়েত- খেয়াদহ II গ্রাম পঞ্চায়েত, জেলা- ২৪ পরগনা (দক্ষিণ), পশ্চিমবঙ্গ।**

সম্প্রতি আমাদের মক্কেলের নজরে এসেছে যে, অসৎ উদ্দেশ্যপ্রণোদিত কিছু ব্যক্তি/প্রতিষ্ঠান আমাদের মক্কেলের অজান্তে বা অনুমতি ছাড়াই উল্লিখিত বন্ধকী জমিটি বিক্রয়, হস্তান্তর, হস্তান্তরযোগ্য, দায়বদ্ধ করা এবং/বা এর উপর তৃতীয় পক্ষের অধিকার/স্বার্থ সৃষ্টি করার চেষ্টা করছে। **মনে রাখবেন যে,** উক্ত সম্পত্তির মূল দলিল আমাদের মক্কেলের কাছে গচ্ছিত রয়েছে, এবং এসইএফএল-এর সুস্পষ্ট লিখিত অনুমতি ছাড়া উক্ত সম্পত্তির উপর যে কোনও বিক্রয়, লিজ, বন্ধক, দান, বিক্রয়ের চুক্তি, বা তৃতীয় পক্ষের কোনও দায়বদ্ধতা সৃষ্টি করা হলে, তা বেআইনি, বাতিল, অকার্যকর বলে গণ্য হবে এবং আমাদের মক্কেলের উপর বাধ্যতামূলক নয়। সাধারণ জনগণ, সম্ভাব্য ক্রেতা, ব্যাঙ্ক এবং আর্থিক প্রতিষ্ঠানগুলিকে উক্ত সম্পত্তিটির সাথে যে কোনও প্রকার লেনদেন করা থেকে সতর্ক করা হচ্ছে। কোনও ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা উক্ত সম্পত্তির সাথে কোনও লেনদেন বা কাজ করলে, সম্পূর্ণভাবে নিজস্ব ঝুঁকি, ব্যয় ও দায়বদ্ধতায় করতে হবে। আমাদের মক্কেল কোনও প্রকার পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই খেলাপি পক্ষের বিরুদ্ধে দেওয়ানি, ফৌজদারি এবং পুনরুদ্ধার কার্যক্রম শুরু করার সম্পূর্ণ অধিকার সংরক্ষণ করেন।

সুদীপ্ত সরকার, আইনজীবী,
এস অ্যান্ড অ্যাসোসিয়েটস, অ্যাডভোকেটস।
৪এ, কাউন্সিল হাউস স্ট্রিট, ঘর নং সি৫, দ্বিতীয় তল, কলকাতা- ৭০০০০১
মোবাইল: ৯৮৩০২৬৯৬৯৬